প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি

# পাঠ সমীক্ষা
# Lesson Study

সবার জন্য শিক্ষা

## বাস্তবায়ন কৌশল




গত অর্থ বছরে (২০১২-১৩) টাঙ্গাইল পিটিআইতে অনুষ্ঠিত TSN ওরিয়েন্টেশন কার্যক্রমের একটি অধিবেশন



একজন শিক্ষক কর্তৃক পরিচালিত শিখন শেখানো কার্যক্রম (বাস্তবায়ন পর্যায়), যেটি সহকর্মী ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ পর্যবেক্ষণ করছেন, সাগরদী পিটিআই বরিশাল

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | ভূমিকা | ৩ |
| ২ | পাঠ সমীক্ষার উদ্দেশ্য | ৪ |
| ৩ | পাঠ সমীক্ষা কী | ৪-৫ |
| ৪ | পাঠ সমীক্ষা প্রক্রিয়া | ৬ |
| ৫ | পাঠ পরিকল্পনা পর্যায়ে করণীয় | ৬-৭ |
| ৬ | পাঠ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ | ৮-১০ |
| ৭ | রুব্রিক ও পর্যবেক্ষণ ছক | ১১ |
| ৮ | পাঠ বাস্তবায়নোত্তর আলোচনা | ১৪ |
| ৯ | বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়ন পরিকল্পনা | ১৫ |
| ১০ | ওরিয়েন্টেশন পরিচালনা | |
| ১১ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মপরিকল্পনা | ১৫ |
| **পরিশিষ্ট** | | |
| ১ | ওরিয়েন্টেশন পূর্ব ও পরবর্তী মূল্যায়ন ছক | ১৭ |
| ২ | ওরিয়েনটেশন কার্যক্রম পর্যবেক্ষণ ছক | ১৮ |
| ৩ | পাঠ বাস্তবায়ন দিনের কর্মসূচি (নমুনা) | ১৯ |
| ৪ | পাঠ সমীক্ষা বাস্তবায়ন রেকর্ড সংরক্ষণ ছক | ২০ |

## মুখবন্ধ

শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন মানসম্মত শিক্ষার একটি অন্যতম পূর্বশর্ত। শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নে পাঠ সমীক্ষা (Lesson Study) কার্যক্রম একটি যুগোপযোগী কৌশল। জাপানী শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন প্রক্রিয়ায় পাঠ সমীক্ষা (Lesson Study) কার্যক্রমের প্রয়োগ অনেক আগে থেকেই চলে আসছে। এশিয়া, আফ্রিকা ও উত্তর আমেরিকার বিভিন্ন দেশে শিক্ষকের পেশাগত উন্নয়নে পাঠ সমীক্ষা প্রক্রিয়ার ব্যাপক অনুশীলন হচ্ছে।

প্রাথমিক শিক্ষার গুণগতমান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি-৩) এর বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে। শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন ও কার্যকরী শিখন শেখানো কার্যক্রম পরিচালনার লক্ষ্যে পিইডিপি-৩ এর আওতায় জাইকা সহায়তা কর্মসূচির সহযোগিতায় Teacher Support Network through Lesson Study (TSN) কার্যক্রম গ্রহণ অন্যতম।

জাপানী ও বাংলাদেশী বিশেষজ্ঞদের যৌথ উদ্যোগে শ্রেণীকক্ষে শিখন শেখানো কার্যক্রমের মান উন্নয়নের লক্ষ্যে Lesson Study নামে একটি নতুন কৌশল এদেশে চালু করার উদ্যোগ গ্রহণ করা হয়। নেপ বিশেষজ্ঞ ও জাইকা এক্সপার্টদের সহযোগিতায় ময়মনসিংহ জেলার কয়েকটি বিদ্যালয়ে পরীক্ষামূলকভাবে ২০০৪-২০১০ সালে এই পদ্ধতি পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায় Lesson Study বিষয়ক পাইলট কার্যক্রমের ফলাফল ও সফলতার সংবাদ জাতীয় পর্যায়ে বিস্তরণের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ব্যবস্থাপনায় একটি কর্মশালা অনুষ্ঠিত হয় মার্চ ২০১১ সালে। পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষক, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসার, ৭টি বিভাগীয় পিটিআই এর সুপার ও ইন্সট্রাক্টরগণ এবং জাতীয় পর্যায়ের শিক্ষা বিশেষজ্ঞ এবং জাইকা পরামর্শকগণ উক্ত কর্মশালায় উপস্থিত থেকে Lesson Study প্রক্রিয়া বাস্তবায়নের মাধ্যমে প্রাথমিক শিক্ষার গুণমান উন্নয়নের লক্ষ্যে মূল্যবান মতামত প্রদান করেন।

মূলত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর আয়োজিত উক্ত কর্মশালার মাধ্যমে বাংলাদেশের প্রাথমিক শিক্ষায় আনুষ্ঠানিকভাবে Lesson Study কার্যক্রমের যাত্রা শুরু হয়। এখানে উল্লেখ্য যে, Lesson Study প্রক্রিয়ার সফলতা বিবেচনায় বর্তমানে চলমান National Teacher Education and Development Plan (TED) এ কৌশলটি সন্নিবেশিত আছে। শিক্ষকদের চাকুরী পূর্ব এবং চাকুরীকালীন সকল প্রশিক্ষণ সামগ্রীতেও এই কৌশল অন্তর্ভুক্ত হয়েছে। আরো উল্লেখ্য যে বর্তমান পরিমার্জিত শিক্ষাক্রমের আলোকে প্রণীত পাঠ্যপুস্তক বিশেষ করে প্রাথমিক বিজ্ঞান ও গণিতের পাঠ্যপুস্তকের শিক্ষক সংস্করণেও এই পদ্ধতি সংযোজিত হয়েছে।

তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি৩) বার্ষিক উন্নয়ন পরিকল্পনা (AOP) অনুসরণে Teacher Support Network through Lesson Study (TSN) কার্যক্রমের আওতায় ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে ৫৫টি পিটিআইতে ৫০৫টি উপজেলার মোট ১৪,১৪০ জন শিক্ষক এবং মাঠ পর্যায়ে কর্মকর্তাকে TSN বিষয়ক ওরিয়েন্টেশন প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। পিইডিপি৩ এর মেয়াদকালে (২০১১-১৬) প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষক ও মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে পর্যায়ক্রমে এ প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। এ ক্ষেত্রে যথারীতি জাইকার কারিগরি সহায়তা কার্যক্রম অব্যাহত থাকবে বলে আশা করছি।

Teacher Support Network through Lesson Study (TSN) কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলের ব্যবহারের জন্য নির্দেশনা হিসেবে এ বাস্তবায়ন কৌশল প্রণয়ন করা হয়েছে। Lesson Study কার্যক্রমের সফল বাস্তবায়ন শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন ও শিশুদের প্রত্যাশিত যোগ্যতা অর্জনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা যাচ্ছে।

জাইকা সহায়তা টিমের কারিগরি সহযোগিতায় এই নির্দেশনা গাইডটি প্রণীত হয়েছে। তাদেরকে আন্তরিক ধন্যবাদ। গাইডটির প্রণয়ন প্রক্রিয়ায় অত্র অধিদপ্তরের প্রাক্তন উপপরিচালক এবং জাইকা সহায়তা টিমের পরামর্শক প্রয়াত জনাব সিরাজ উল্যার গুরুত্বপূর্ণ অবদান শ্রদ্ধাভরে স্মরণ করছি।

শ্যামল কান্তি ঘোষ
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

# ভূমিকা


জাইকা সহায়তা কর্মসূচির মাধ্যমে জাপান সরকার বাংলাদেশের প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রমে তাদের সহযোগিতা সম্প্রসারিত করেছেন। জাপানের শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন প্রক্রিয়ায় পাঠ সমীক্ষা (Lesson Study) কার্যক্রমের প্রয়োগ অনেক আগে থেকেই চলে আসছে। শিক্ষকের পেশাগত দক্ষতা উন্নয়ন ও শিখন শেখানো কার্যক্রমের গুণগত মানোন্নয়নের কার্যকরী কৌশল হিসেবে পাঠ সমীক্ষা কার্যক্রমের ব্যবহার ও অনুশীলন উন্নত ও উন্নয়নশীল দেশসমূহেও সমাদৃত হচ্ছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (NCTB) কর্তৃক প্রণীত প্রাথমিক শিক্ষাক্রমের কার্যকরী বাস্তবায়নে বার্ষিক পাঠ পরিকল্পনা ও দৈনন্দিন পাঠ পরিকল্পনা, দৈনন্দিন কাশ রুটিন, টিচার্স গাইড, টিচিং প্যাকেজ প্রভৃতি গুরুত্বপূর্ণ। মানসম্মত শিখন শেখানো কার্যক্রম পরিচালনায় উল্লিখিত সামগ্রীসমূহের কার্যকরী ব্যবহার শিক্ষকের ধারাবাহিক পেশাগত উন্নয়ন ও শিক্ষার্থীর যোগ্যতা অর্জনে বিশেষ ভূমিকা পালন করে থাকে।

প্রচলিত পাঠ পরিকল্পনাকে আরো বেশী উন্নত ও কার্যকর করার লক্ষ্যে লেসন স্টাডি'র ধারণা প্রয়োগ একটি নবতর সংযোজন। শিক্ষকদের ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রক্রিয়ায় জাইকা সহায়তা প্রোগ্রামের (JSP) অধীনে ২০০৪ সাল থেকে এ ধারণার প্রয়োগ শুরু হয়। জাইকা ও নেপ বিশেষজ্ঞদের যৌথ উদ্যোগে ও প্রচেষ্টায় ময়মনসিংহ জেলার ২টি সরকারি ও ২টি রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় এবং ময়মনসিংহ পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ে Lesson Study কার্যক্রম পরীক্ষামূলকভাবে ২০০৪-২০১০ সাল পর্যন্ত পরিচালিত হয়।

পাঠ সমীক্ষা (Lesson Study) কার্যক্রমের সফল বাস্তবায়নের প্রেক্ষিতে সরকার শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন পরিকল্পনায় (TED) পাঠ সমীক্ষা (Lesson Study) কৌশলকে অন্তর্ভুক্ত করেছেন। এই প্রেক্ষাপটে প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি৩) আওতায় দেশব্যাপী Teacher Support Network through Lesson Study (TSN) কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে ৫৫টি পিটিআইতে ৫০৫টি উপজেলার মোট ১৪,১৪০ জন শিক্ষক এবং মাঠ পর্যায়ে কর্মকর্তাকে Teacher Support Network through Lesson Study (TSN) বিষয়ক প্রশিক্ষণ প্রদানের বিস্তারিত কার্যক্রম বাস্তবায়িত হয়েছে। পিইডিপি৩ এর মেয়াদকালে প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষককে পর্যায়ক্রমে এ প্রশিক্ষণ প্রদানের পরিকল্পনা রয়েছে। এ ক্ষেত্রে যথারীতি জাইকার কারিগরি সহায়তা কার্যক্রম অব্যাহত আছে।

Teacher Support Network through Lesson Study (TSN) কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্টদের ব্যবহারের জন্য নির্দেশনা হিসাবে বাস্তবায়ন কৌশল প্রণয়ন করা হয়েছে। শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে এটি গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করা হচ্ছে।



## ১. পাঠ সমীক্ষার উদ্দেশ্য

শিক্ষকের পেশাগত দক্ষতা উন্নয়ন এবং শ্রেণিকক্ষে শিখন শেখানো কার্যক্রমের মানোন্নয়নের জন্য পাঠ সমীক্ষা পরিচালনা একটি কার্যকর প্রচেষ্টা। এ কার্যক্রমের যথাযথ বাস্তবায়নে নিম্নলিখিত অর্জনগুলোর প্রত্যাশা করা হচ্ছে যা প্রাথমিক শিক্ষার গুণগত উন্নয়নকে নিশ্চিত করবে ।

১. পাঠের উদ্দেশ্য সম্পর্কে শিক্ষক যেন গভীরভাবে চিন্তা করতে আগ্রহী হন এমন একটি সুযোগ সৃষ্টি

২. স্বপ্রণোদিত হয়ে শিক্ষক যেন নিজের বিষয় জ্ঞান সমৃদ্ধিতে সচেষ্ট হন

৩. শিক্ষকের পেশাগত দক্ষতার উন্নয়নের জন্য পাঠ সমীক্ষাকে একটি ক্ষেত্র হিসেবে প্রস্তুত করা

৪. শিখন শেখানো কার্যাবলিতে ব্যবহৃত বিভিন্ন পদ্ধতিগত জ্ঞানের সমৃদ্ধায়ন বা সমৃদ্ধি সাধন

৫. শিখন শেখানো কার্যক্রমের মানন্নোয়নে সহকর্মী পর্যবেক্ষকদের সুচিন্তিত নির্দেশনা ও পরামর্শ প্রাপ্তি

৬. শিক্ষার্থীর পারদর্শিতা, দক্ষতা ও যোগ্যতা অর্জনে কার্যকর সহায়তা দানের জন্য দীর্ঘমেয়াদি লক্ষ্য নির্ধারণ

৭. শিক্ষার্থী ও সহকর্মীদের পর্যবেক্ষণমূলক দৃষ্টিকোণ থেকে শিখন শেখানো কার্যক্রম মূল্যায়নের সুযোগ তৈরি

৮. সহকর্মীদের পরামর্শ ও সহযোগিতায় পাঠ পরিকল্পনা প্রণয়ন ও উন্নয়ন

৯. শিক্ষার্থীদের শিখনফল অর্জন, ঘাটতি ও আচরণ সম্পর্কে জানা

১০. ইতিবাচক দৃষ্টিভঙ্গি গঠন

## ২. পাঠ সমীক্ষার ধারণা

পাঠ সমীক্ষা হলো শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়নের একটি ধারাবাহিক প্রক্রিয়া যেখানে শিখন শেখানো কার্যক্রমের মান যাচাই ও উন্নয়নের লক্ষ্যে শিক্ষকগণ তাঁদের সহকর্মীদের সাথে নিবিড়ভাবে কাজ করেন। এ প্রক্রিয়ায় শিখন শেখানো কার্যক্রমের উন্নয়ন ঘটে। পাঠ সমীক্ষা হলো মূলত পরিকল্পনা-বাস্তবায়ন-মূল্যায়ন (Plan-Do-See) কাঠামোর মাধ্যমে পাঠের ধারাবাহিক মান উন্নয়ন।

শিক্ষকের পেশাগত উন্নয়নের কৌশল হিসেবে পাঠ সমীক্ষা প্রক্রিয়া পৃথিবীর বিভিন্ন উন্নত ও উন্নয়নশীল দেশে চালু রয়েছে। শিক্ষাক্রমের তিনটি পর্যায় - প্রত্যাশিত শিক্ষাক্রম (Intended Curriculum), বাস্তবায়িত শিক্ষাক্রম (Implemented Curriculum) ও অর্জিত শিক্ষাক্রম (Attained Curriculum) এর মধ্যে সমন্বয় সাধনে পাঠ সমীক্ষা কার্যক্রম শিক্ষককে সহায়তা করে। সাধারণত বিভিন্ন কারণে শিক্ষাক্রমে বর্ণিত বিষয়াদি পাঠ্যপুস্তকে পুরোপুরি প্রতিফলিত হয় না। পাঠ্যপুস্তকে যা থাকে তা শিক্ষক শতভাগ শিখন শেখনো কার্যাবলিতে বাস্তবায়ন করতে পারেন না এবং শিখন শেখানো কার্যক্রম শিক্ষার্থীকে পুরোপুরি যোগ্যতা অর্জনে সমর্থ করে তুলতে পারে না। অর্থাৎ প্রত্যাশিত শিক্ষাক্রম ও অর্জিত শিক্ষাক্রমের মধ্যে কিছুটা ব্যবধান (gap) থেকে যায়। বিষয়টি নিম্নের ফ্লো চার্টের মাধ্যমে দেখা যেতে পারে।

প্রত্যাশিত শিক্ষাক্রম
(জাতীয় শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক, শিক্ষক সংস্করণ, শিক্ষক নির্দেশিকা, টিচিং প্যাকেজ

↕

বাস্তবায়িত শিক্ষাক্রম
(শিক্ষক কর্তৃক শ্রেণিতে শিখন শেখানো কার্যক্রম)

↕

অর্জিত শিক্ষাক্রম
(শ্রেণিতে শিক্ষার্থীর শিখন)

শিক্ষাক্রম বাস্তবায়নের এই ব্যবধানসমূহ দূর করে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণে পাঠ সমীক্ষা প্রক্রিয়ার প্রয়োগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। শিক্ষকগণ নিজ বিদ্যালয়ে অবস্থান করে পরিস্থিতির সাথে সামঞ্জস্য রেখে নিজেদের প্রয়োজন অনুযায়ী পাঠ সমীক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারেন। Plan-Do-See cycle এ পাঠ সমীক্ষা প্রক্রিয়াকে সহজভাবে ব্যাখ্যা করা যায়।

পাঠ সমীক্ষা প্রক্রিয়ায় বর্ণিত পর্যায়গুলোকে এক কথায় মানসম্মত শিক্ষণচক্র (QTC) বলা হয়। একজন শিক্ষক শ্রেণি শিখন শেখানো কার্যক্রম পরিচালনার জন্য কীভাবে সহকর্মীদের সহযোগিতা নিবেন এবং নিজের কাজের প্রতিফলন ঘটাবেন তার বিস্তৃত সুযোগ সৃষ্টি করে মানসম্মত শিক্ষণচক্র। নিম্নের চিত্রে পরিকল্পনা-বাস্তবায়ন-মূল্যায়ন (Plan-Do-See) cycle এ পাঠ সমীক্ষা বাস্তবায়নের প্রক্রিয়া দেখানো হলো।



## ৩. পাঠ সমীক্ষা প্রক্রিয়া

শিক্ষকের ধারাবাহিক পেশাগত উন্নয়ন প্রক্রিয়ায় পাঠ সমীক্ষা কার্যক্রম একটি কার্যকরী কৌশল। এ কার্যক্রমের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত পর্যায়গুলো হলো পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়ন (Plan-Do-See)। প্রতিটি পর্যায়ে যে কাজগুলো কাজ করতে হয়, তা নিম্নরূপ-

**পর্যায় ১ : পরিকল্পনা**

**পাঠ সমীক্ষার প্রথম ধাপ পাঠ পরিকল্পনা প্রণয়ন। মানসম্মত শিখন শেখানো কার্যক্রম পরিচালনার জন্য মানসম্মত পাঠপরিকল্পনা প্রয়োজন। মানসম্মত পাঠ পরিকল্পনা প্রণয়নের জন্য নিম্নরূপ কার্যক্রম অনুসরণ করা বাঞ্ছনীয়।**

- **পাঠ সমীক্ষার কর্মপরিকল্পনা :**

প্রধান শিক্ষক বার্ষিক পাঠ পরিকল্পনা ও ক্লাশ রুটিনের সাথে সমন্বয় করে তাঁর সহকর্মীদের সাথে আলোচনা পূর্বক একটি কর্মপরিকল্পনা প্রণয়ন করবেন। এ কার্যক্রমের জন্য শিক্ষক, শ্রেণি, বিষয়, পাঠের বিষয়বস্তু (Topic) এবং পাঠ বাস্তবায়নের তারিখ নির্ধারণ করবেন। কারা, কীভাবে পাঠ পর্যবেক্ষণ করবেন তাও ঠিক করে নিবেন। পাঠটি যে কোনো বৃহস্পতিবারের দিনের শেষ পিরিয়ডে হওয়াই বাঞ্ছনীয়। এ কাজটি তিনি পাঠ বাস্তবায়নের দুই/তিন সপ্তাহ আগে করতে পারেন।



- **পাঠ পরিকল্পনা প্রণয়ন :**

পাঠ বাস্তবায়নকারী শিক্ষক পাঠ পরিকল্পনা প্রণয়ন এবং সংশ্লিষ্ট উপকরণ সংগ্রহ ও তৈরি করবেন। এক্ষেত্রে শিক্ষক নির্দেশিকা এবং টিচিং প্যাকেজ এর সহায়তা নেওয়া যেতে পারে। এ কাজটি এক/দুই সপ্তাহ আগে করতে পারেন।



● **সহকর্মীদের সাথে প্রণীত পাঠ পরিকল্পনা ও উপকরণ নিয়ে আলোচনা :**

প্রধান শিক্ষক পাঠ বাস্তবায়নকারী শিক্ষকসহ সহকর্মীদের সাথে সভার ব্যবস্থা করবেন। এ সভায় পাঠ বাস্তবায়নকারী শিক্ষক প্রণীত পাঠ পরিকল্পনা, উপকরণ এবং পাঠের নির্ধারিত কার্যক্রম কীভাবে পরিচালনা করবেন তা ব্যাখ্যা করবেন। এ বিষয়ে সহকর্মীদের সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ক্ষেত্রে পাঠ পরিকল্পনা পরিমার্জন করবেন। এ পর্যায়ের কাজ পাঠ বাস্তবায়নের এক সপ্তাহ পূর্বে করে রাখা ভালো।

**পাঠ পরিকল্পনার পর্যায়ে যে বিষয়গুলো আলোচিত হওয়া প্রয়োজন :**

- পাঠ সমীক্ষা প্রক্রিয়ায় অংশগ্রহণকারী সহকর্মী শিক্ষকগণ পাঠের শিরোনাম, যোগ্যতা ও শিখনফল সম্পর্কে ভালোভাবে অবহিত হবেন, এতে পাঠের গুরুত্বপূর্ণ বিষয়গুলো পর্যবেক্ষণ ও বিশ্লেষণ সহজতর হবে।
- সহকর্মী শিক্ষকগণ পাঠ পরিকল্পনা পর্যালোচনা করে দেখবেন যাতে পাঠটি শ্রেণিকক্ষে বাস্তবায়নের উপযোগী হয়।
- পাঠ বাস্তবায়নকারী শিক্ষক পাঠের জন্য তৈরি উপকরণ সহকর্মীদের সামনে প্রয়োগ করে উপকরণগুলোর ব্যবহারযোগ্যতা দেখবেন। অসুবিধা থাকলে তা সংশোধন করে নিবেন যাতে পাঠ বাস্তবায়নের সময়ে সাবলীল ও কার্যকরীভাবে উপকরণগুলো ব্যবহার করা যায়। এই পর্যায়ে বোর্ড এবং প্রযুক্তিগত উপকরণ (যদি থাকে) কীভাবে ব্যবহার করবেন তাও আলোচনা হতে পারে।
- পাঠ বাস্তবায়নকারী শিক্ষক শিক্ষার্থীদের কীভাবে মূল্যায়ন করবেন তা আলোচনা করবেন। মূল্যায়ন কৌশল এমন হবে যাতে শিক্ষার্থীদের যে যোগ্যতা অর্জন করার কথা তা অর্জন করেছে কি না তা পরিমাপ করা যায়।

উল্লিখিত পর্যায়ে কাজগুলো করার সময়ে টিচারস্ গাইড ও টিচিং প্যাকেজ এর কার্যকরি ব্যবহার করতে হবে।



**পর্যায় ২ : পাঠ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ**

**২.১ পাঠ বাস্তবায়ন**

পাঠ বাস্তবায়নকারী শিক্ষক এ পর্যায়ে শ্রেণিতে শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন। সহকর্মীরা (যে কয়জন সম্ভব) পাঠ পর্যবেক্ষণ করবেন, এ পর্যায়ে প্রধান শিক্ষক থাকলে ভাল হয়। প্রধান শিক্ষক পাঠ পর্যবেক্ষণকারী শিক্ষকদের রুটিনের নির্ধারিত ক্লাশের পাঠ ব্যবস্থাপনার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। পাঠ বাস্তবায়ন ও পর্যবেক্ষণ শেষে সহকর্মীরা পাঠের উন্নয়নের জন্য গঠনমূলক মতামত দিবেন।



পাঠ পরিকল্পনাকারী শিক্ষক শ্রেণিতে শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন। শিখন শেখানো কার্যক্রম পরিচালিত হবে পাঠ বাস্তবায়নকারী শিক্ষকের পাঠ পরিকল্পনা অনুযায়ী। পাঠ বাস্তবায়নকালে পাঠের গঠনমূলক ও নৈর্ব্যক্তিক বিশ্লেষণের লক্ষ্যে সহকর্মীরা Lesson Observation Format ব্যবহার করে শিখন শেখানো কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। পাঠ পর্যবেক্ষণের সময় নিম্নের বিষয়গুলোর প্রতি দৃষ্টি দেয়া প্রয়োজন।

**শিক্ষকের আচরণ (Teacher's Behavior)**

- বিষয় সম্পর্কিত জ্ঞান (Subject Knowledge)
  - বিষয়বস্তু সম্পর্কে সঠিক তথ্য প্রদান
  - "শিক্ষক নির্দেশিকা", "টিচিং প্যাকেজের" যথার্থ ব্যবহার
  - বিষয়বস্তুর ধারণা সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা প্রদান
- পাঠ পরিকল্পনা প্রণয়ন দক্ষতা (Lesson Plan Design Skill)
  - শিক্ষার্থীদের দৈনন্দিন অভিজ্ঞতার আলোকে বিষয়বস্তুকে উপস্থাপন
  - শিক্ষার্থীরা যাতে সহজে বুঝতে পারে সে ধরনের পদ্ধতি প্রয়োগ
  - শিক্ষা উপকরণের কার্যকরী প্রয়োগ
  - যথাযথ সময় বণ্টন
- শ্রেণি ব্যবস্থাপনা : (Classroom Management)
  - পাঠের বিষয়বস্তু অনুসারে শ্রেণি কার্যক্রম পরিচালনা
  - শিক্ষার্থীদের চিন্তনের/আলোচনার জন্য যথেষ্ট সময় প্রদান
  - সঠিক পদ্ধতিতে প্রশ্ন করা
  - শিখন শেখানো প্রক্রিয়ায় শিক্ষার্থীদের সম্পৃক্ততা

- শিক্ষা উপকরণ ব্যবহারে দক্ষতা (Skill Using Teaching Material)
  - পাঠের বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ উপকরণ
  - সহজভাবে পড়ানো/বিষয়বস্তু সম্পর্কে সহজেই ধারণা লাভ করতে পারা
  - চকবোর্ডের কার্যকরী ব্যবহার
- মূল্যায়ন দক্ষতা (Assessment Skills)
  - পাঠ চলাকালীন শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ
  - প্রত্যেক শিক্ষার্থীর বোধগম্যতার স্তর নিরূপণ
- ইতিবাচক মনোভাব (Positive Attitude)
  - শিক্ষার্থীদের সাথে বন্ধুসুলভ আচরণ
  - শেখার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত/উৎসাহিত করা
  - শিক্ষার্থীদের মতামতের প্রতি গুরুত্ব প্রদান

**শিক্ষার্থীর আচরণ (Students' Behavior)**

- শিখন দক্ষতা (Learning Skills)
  - শ্রেণি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ
  - সহপাঠীদের সহযোগিতার উপর গুরুত্ব আরোপ
- ইতিবাচক আচরণ (Positive Attitude)
  - আনন্দদায়ক পরিবেশে শিখন
  - আনন্দময় পরিবেশে শিশুদের আত্মবিশ্বাস গড়ে উঠা

এছাড়াও পাঠ পর্যবেক্ষণের সময় শিখন শেখানো কার্যক্রম পরিচালনা মানসম্মত হচ্ছে কিনা তা দেখতে হবে। পর্যবেক্ষণকালীন শিক্ষার্থীদের সাথে বেশি কথা না বলা এবং অন্য পর্যবেক্ষকদের সাথে মতবিনিময় না করা বাঞ্ছনীয়। শিক্ষার্থীদের উক্তি, মিথস্ক্রিয়া, শিক্ষার্থীরা কীভাবে ভুল করে ও ভুল থেকে শেখে ইত্যাদি বিস্তারিতভাবে পর্যবেক্ষণ করতে হবে। পর্যবেক্ষণের সময়ে পরিশিষ্টে সংযোজিত Rubric ও Observation Format ব্যবহার করা বাঞ্ছনীয়।

### ২.২ পাঠ পর্যবেক্ষণ

পাঠ পরিকল্পনা প্রণয়ন, শিখন শেখানো কার্যক্রম পরিচালনা, পাঠ পর্যবেক্ষণ ও ফলাবর্তন প্রদান-গ্রহণের মাধ্যমে পাঠ সমীক্ষা প্রক্রিয়া পরিচালিত হয়। পাঠ সমীক্ষার ক্ষেত্রে পর্যবেক্ষণ ও ফলাবর্তন একটি উল্লেখযোগ্য কার্যক্রম। পাঠের মানোন্নয়নের জন্য পাঠ পর্যবেক্ষণ অপরিহার্য। কার্যকরী পাঠ পর্যবেক্ষণ এবং ফলাবর্তন পাঠের মানোন্নয়নের পূর্ব শর্ত।

পর্যবেক্ষণ ও ফলাবর্তন প্রক্রিয়ায় পাঠ বাস্তবায়নকারী শিক্ষক নিম্নলিখিতভাবে উপকৃত হতে পারেন :

- সহকর্মীর পর্যবেক্ষণের মাধ্যমে পরিচালিত শিখন শেখানো কার্যক্রম মূল্যায়নের সুযোগ
- ভিন্ন দৃষ্টিভঙ্গির আলোকে নিজ কার্যক্রমের মূল্যায়নের মূল্যায়নের সুযোগ
- পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে সহকর্মী কর্তৃক পরামর্শ প্রাপ্তি
- শিক্ষার্থীর চাহিদা ও আগ্রহ নিরূপণের লক্ষ্যে পেশাজীবি গোষ্ঠীর কার্যক্রম বৃদ্ধি
- নিজ পেশার উন্নয়ন ও সমৃদ্ধি

## যে সকল বিষয়ের প্রতি দৃষ্টি রেখে পাঠ পর্যবেক্ষণ করতে হবে :

- পাঠের শিখনফল অর্জনের মাত্রা যাচাই
- পাঠের সাথে শিক্ষার্থীদের চিন্তার সুযোগ তৈরি
- কার্যকরী শিখন শেখানো পদ্ধতি ও কৌশল প্রয়োগ
- শিখন শেখানো কার্যক্রম চলাকালে শিক্ষার্থীরা কীভাবে শিখছে
- শিখন প্রক্রিয়ায় শিক্ষার্থীদের সম্পৃক্ততা যাচাই
- পর্যবেক্ষণের সময় শ্রেণি কার্যক্রম ব্যাহত না করা
- পর্যবেক্ষণ কার্যক্রমের গুণগতমান নিশ্চিতকরণ

## পাঠ পর্যবেক্ষণকালে পালনীয় নির্দেশনাসমূহ :

- শিখন শেখানো কার্যক্রম মানসম্মত হচ্ছে কিনা তা দেখা
- শিক্ষার্থীদের সাথে বেশি কথা না বলা
- অন্য পর্যবেক্ষকের সাথে গল্প না করা
- শিক্ষক পাঠ পরিকল্পনা কতটুকু অনুসরণ করছে শুধু সেটিই বিবেচ্য নয়
- পর্যবেক্ষণের সময়ে শিক্ষার্থীদের উক্তি, মিথস্ক্রিয়া এবং শিক্ষার্থীরা কীভাবে ভুল করে ও নিজেরাই ভুল সংশোধন করে ইত্যাদি বিস্তারিতভাবে লিখা
- পাঠ পর্যবেক্ষণের সময়ে রুব্রিক ও পর্যবেক্ষণ ছক ব্যবহার করা

### ২.৩: পাঠ মূল্যায়নে Rubric এর ব্যবহার

পর্যবেক্ষণকালে রুব্রিক ব্যবহার করে শিখন প্রক্রিয়া পর্যবেক্ষণ বাঞ্ছনীয়। পাঠ পর্যবেক্ষণ প্রক্রিয়ায় শিখন শেখানো কার্যক্রমে শিক্ষক ও শিক্ষার্থীর পারদর্শিতা ও অংশগ্রহণের মাত্রা মূল্যায়ন করা হয়। মূল্যায়ন প্রক্রিয়াকে ব্যক্তি নিরপেক্ষ ও যৌক্তিক করার জন্য পর্যবেক্ষণ কার্যক্রমে রুব্রিক এর ব্যবহার অত্যন্ত জরুরি। শিখন শেখানো কার্যক্রমের মানোন্নয়নের লক্ষ্যে পাঠ বিশ্লেষণের জন্য রুব্রিক এর ব্যবহার একটি নবতর সংযোজন।

## পাঠ পরিকল্পনা ও ভিডিও ধারণকৃত পাঠ বিশ্লেষণের জন্য গ্রেডিং স্কেল

| ক্যাটাগরি | স্কোর (নিম্নের ১ থেকে ৫এর বর্ণনা থেকে যে কোন একটি বাছাই করুন) | | | | |
|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| A. পাঠের অভিপ্রেত শিখন ফল এবং (প্রকৃতপক্ষে) অর্জিত শিখন ফলের মধ্যে সম্পক | সংগতিহীন শিখন ফল নির্ধারণএবং অভিপ্রেত শিখন ফল অর্জন ছাড়াই পাঠ পরিকল্পনা/পরিচালনা করা। অভিপ্রেত শিখন ফলের সাথে সংগতি বিহীন শিখন ফল অর্জন করা বা কোন শিখন ফলই অর্জন না করা। | বোধগম্য শিখন ফল নির্ধারণ করা। অভিপ্রেত শিখন ফল কিছুটা বিবেচনায় নিয়ে পাঠ পরিকল্পনা/পরিচালনা করা। অভিপ্রেত শিখন ফলের সাথে আংশিক সংগতি পূর্ণ শিখন ফল অর্জন করা। | পরিষ্কার শিখন ফল নির্ধারণ করা। অভিপ্রেত শিখন ফল অনুসরণে পাঠ পরিকল্পনা/পরিচালনা করা। অভিপ্রেত শিখন ফলের সাথে গ্রহণযোগ্য পর্যায়ে সংগতিপূর্ণ শিখন ফল অর্জন করা। | পরিষ্কার শিখন ফল নির্ধারণ করা। অভিপ্রেত শিখন ফল অনুসরণে পাঠ পরিকল্পনা/পরিচালনা করা। অভিপ্রেত শিখন ফলের সাথে সম্পূর্ণ সংগতিপূর্ণ শিখন ফল অর্জন করা। | পরিষ্কার, বাস্তব এবংঅর্জনযোগ্য শিখন ফল নির্ধারণ করা। অভিপ্রেত শিখন ফল অর্জনের লক্ষ্যে যথাযথ পাঠ পরিকল্পনা/পরিচালন করা। অভিপ্রেত শিখন ফলের সাথে উচু মাত্রায় সংগতিপূর্ণ শিখন ফল অর্জন করা। |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| B. শিখন প্রক্রিয়া (ধাপ সমূহের মধ্যে সংযোগ এবং শিখন কার্যক্রম নির্বাচন) | ধাপ সমূহের মধ্যে পারস্পরিক সম্পর্কের বিষয়ে মনোযোগ না দেওয়া। শিখন প্রক্রিয়ায় অধিকাংশ শিক্ষার্থীকে সম্পৃক্ত করতে না পারা। | ধাপ সমূহের মধ্যে পারস্পরিক সম্পর্কের বিষয়ে কিছুটা মনোযোগ দেওয়া। শিক্ষার্থীরা কীভাবে শেখে -এ বিষয়টিই কদাচিৎ বিবেচনায় আনা। শিখন প্রক্রিয়া থেকে কিছু শিক্ষার্থীকে বাইরে রাখা। | ধাপ সমূহের মধ্যে পারস্পরিক সম্পর্কের বিষয়ে পর্যাপ্ত মনোযোগ দেওয়া। শিক্ষার্থীরা কীভাবে শেখে - এ বিষয়টি বিবেচনায় আনা। শ্রেণীর অধিকাংশ শিক্ষার্থীর শিখন নিশ্চিত করা। | এক ধাপ থেকে অন্য ধাপে যথাযথভাবে পরিগমন। প্রত্যাশিত প্রক্রিয়ার মাধ্যমে শিখনে শিক্ষার্থীদের উৎসাহিত করা। সকল শিক্ষার্থীদের শিখনে সম্পৃক্ত করতে সব রকম প্রচেষ্টা গ্রহণ করা। | এক ধাপ থেকে অন্য ধাপে স্বাভাবিক ভাবে পরিগমন। সযতনে পরিকল্পিত প্রক্রিয়ার মাধ্যমে শিখনে শিক্ষার্থীদের প্রণোদিত করা। শিখনে সকল শিক্ষার্থীর সম্পৃক্ততা নিশ্চিত করা। |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| C. শিক্ষার্থীর চিন্তন ও শিখনের সুযোগ | শিক্ষক কর্তৃক বিষয় বস্তুর ব্যাখ্যাতেই বেশির ভাগ সময় ব্যয় করা। শিক্ষার্থীদের পাঠ্যপুস্তকের ধারণা শব্দ এবং পদাবলি পড়তে এবং/ অথবা মুখস্ত করতে দেওয়া। শিক্ষার্থীদের কোন সমস্যা নিয়ে কদাচিৎ চিন্তা করার সুযোগ দেওয়া। | শিক্ষার্থীদের নিজস্ব জ্ঞান ও ধারণা প্রকাশের সামান্য সুযোগ দেওয়া। পাঠে যা কিছু শেখানো হয়েছে শিক্ষার্থীদের তা মুখস্ত করতে দেওয়া। শিক্ষার্থীদের কিছু পরিমাণ কাজ দেওয়া যা শেখানো বা পরিচিত কোন পদ্ধতি (procedure) অনুসরণে সম্পন্ন করা যায়। | শিক্ষার্থীদের নিজস্ব জ্ঞান ও ধারণা প্রকাশের কিছু পরিমাণ সুযোগ দেওয়া। শিক্ষার্থীদের এমন কাজ দেওয়া যার সমাধান করা তাদের জন্য কঠিন (challenging) হলেও তাদের সামর্থ্যের মধ্যে। | শিক্ষার্থীদের অপরিচিত, কঠিন (challenging) প্রশ্ন সমাধান করতে দেওয়া। শিক্ষার্থীদের প্রদত্ত প্রশ্নের সমাধানের ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়নে বা পরিকল্পনা অনুসরণে বা উপসংহারে পৌঁছতে সাহায্য করা। | শিক্ষার্থীদের একক এবং/বা যৌথ উদ্যোগে কোন প্রশ্ন তৈরী করতে, সে প্রশ্নের উত্তরের পরিকল্পনা প্রণয়নে, পরিকল্পনা অনুসরণে বা উপসংহারে পৌঁছাতে সহায়তা করা। |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| D. [শুধু মাত্র সি-ইন-এড প্রশিক্ষণ] প্রাথমিক বিদ্যালয়ের পাঠের মান উন্নয়নে অবদানের মাত্রা | বর্তমান পাঠ এবং প্রাথমিক বিদ্যালয়ের পাঠের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে সামান্য মনোযোগ দেওয়া। | বর্তমান পাঠ এবং প্রাথমিক বিদ্যালয়ের পাঠের মধ্যে সম্পর্কের ক্ষেত্রে কিছু পরিমাণ মনোযোগ দেওয়া। | প্রাথমিক বিদ্যালয়ের শিখন শেখানোর ক্ষেত্রে এই পাঠের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে শিক্ষার্থীদের সচেতন করা। | প্রাথমিক বিদ্যালয়ের শিখন শেখানোর ক্ষেত্রে এই পাঠের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে শিক্ষার্থীদের প্রায়োগিক উপলব্ধি অর্জনের সুযোগ দেওয়া। | উন্নয়নের বলিষ্ঠ ব্রত নিয়ে, শিখন শেখানোর ক্ষেত্রে (প্রাথমিক বিদ্যালয়ের) এই পাঠের গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে পরিষ্কার নির্দেশনা দেওয়া। |

**রুব্রিক এর নমুনা**

# পাঠ পর্যবেক্ষণ ছক

| | |
|---|---|
| পর্যবেক্ষকের নাম : | তারিখ : |
| শিক্ষকের নাম : | বিদ্যালয়ের নাম : |
| বিষয় : | শ্রেণি : |
| পাঠ শুরুর সময় : | পাঠ সমাপ্তির সময়: |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| শিক্ষকের আচরণ/কার্যাবলি | ১। | শ্রেণিকক্ষ ব্যবস্থাপনা যথাযথ | ১ | ২ | ৩ |
| | ২। | পাঠের বিষয়বস্তুর ওপর জ্ঞান ও উপলব্ধি প্রদর্শন | ১ | ২ | ৩ |
| | ৩। | সুস্পষ্ট নির্দেশনা প্রদান | ১ | ২ | ৩ |
| | ৪। | সঠিক তথ্য পরিবেশন | ১ | ২ | ৩ |
| | ৫। | শিক্ষক সংস্করণ ও টিচিং প্যাকেজের ব্যবহার | | | |
| | ৬। | শিক্ষার্থীদের বাস্তব অভিজ্ঞতার সাথে সম্পৃক্তকরণ | ১ | ২ | ৩ |
| | ৭। | পাঠ সংশ্লিষ্ট উপযুক্ত শিক্ষোপকরণ ব্যবহার | ১ | ২ | ৩ |
| | ৮। | শিখনফল, কার্যক্রম ও বরাদ্দকৃত সময়ের মধ্যে সমন্বয় সাধন | ১ | ২ | ৩ |
| | ৯। | চক বোর্ডের ব্যবহার | ১ | ২ | ৩ |
| | ১০। | শিখনফল অর্জন উপযোগী কার্যক্রম নির্ধারণ | ১ | ২ | ৩ |
| | ১১। | শিক্ষার্থীদের মতামতের প্রতি গুরুত্ব প্রদান | ১ | ২ | ৩ |
| | ১২। | শিখনে শিক্ষার্থীদের সম্পৃক্তকরণ | ১ | ২ | ৩ |
| | ১৩। | শিক্ষার্থীদের উৎসাহ প্রদান | ১ | ২ | ৩ |
| | ১৪। | শিক্ষক কর্তৃক ঘুরে ঘুরে শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ | ১ | ২ | ৩ |
| | ১৫। | প্রতিটি শিক্ষার্থীর শিখন প্রয়োজন বিবেচনা | ১ | ২ | ৩ |
| | ১৬। | শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর প্রদান | ১ | ২ | ৩ |
| | ১৭। | শিক্ষার্থীদের প্রতি বন্ধুভাবাপন্ন আচরণ | ১ | ২ | ৩ |
| | ১৮। | শিক্ষার্থীর চিন্তা করার সুযোগ সৃষ্টি | ১ | ২ | ৩ |
| | ১৯। | পাঠের শিখনফল ও কার্যক্রমসমূহের মধ্যে যৌক্তিক সম্পর্ক স্থাপন | ১ | ২ | ৩ |
| | ২০। | নিরাপদ ও শংকামুক্ত শিখন উপযোগী পরিবেশ সৃষ্টি | ১ | ২ | ৩ |
| শিক্ষার্থীর আচরণ/কার্যাবলি | ২১। | শ্রেণি কার্যক্রমে শিশুদের সক্রিয় অংশগ্রহণ | ১ | ২ | ৩ |
| | ২২। | শিক্ষার্থীদের পরস্পরের সাথে মত বিনিময় | ১ | ২ | ৩ |
| | ২৩। | শিক্ষার্থীরা স্বত:স্ফূর্ত ও হাসিখুশি | ১ | ২ | ৩ |
| | ২৪। | শিক্ষার্থী-শিক্ষক মত বিনিময় | ১ | ২ | ৩ |
| | ২৫। | অধিকাংশ সময়ে শিক্ষার্থীরা কাজে ব্যস্ত থাকে | ১ | ২ | ৩ |
| | ২৬। | শিক্ষার্থীদের শিক্ষকের নির্দেশনা অনুসরণ করে | ১ | ২ | ৩ |
| | ২৭। | শিক্ষার্থীদের শিখনফল অর্জন | ১ | ২ | ৩ |
| | ২৮। | শিক্ষার্থীদের আত্মবিশ্বাসের সাথে শিখন প্রক্রিয়ায় অংশগ্রহণ | ১ | ২ | ৩ |
| | ২৯। | শ্রেণি কার্যক্রমের অধিকাংশ সময় শিক্ষার্থী কর্তৃক ব্যয় হয় | ১ | ২ | ৩ |
| সবল দিক | | | | | |
| উন্নয়নের ক্ষেত্র | | | | | |
| অন্যান্য মন্তব্য (যদি থাকে) | | | | | |

১ ⟶ নিম্নমাত্রার পারদর্শিতা ও সম্পৃক্ততা
২ ⟶ মধ্যম মাত্রার পারদর্শিতা ও সম্পৃক্ততা
৩ ⟶ উচ্চ মাত্রার পারদর্শিতা ও সম্পৃক্ততা

পূর্ব পৃষ্ঠার ছকটি তিন মাত্রার স্কেলে শিখন শেখানো কার্যক্রমের গুণগত চিত্র/অবস্থান তুলে ধরে। পাঠ পর্যবেক্ষণ কালে ছকটি পূরণপূর্বক বাস্তবায়নকৃত শিখন শেখানো কার্যক্রমের মাত্রা নিরূপণ করা যেতে পারে। পর্যবেক্ষণ ছকটি পূরণের মাধ্যমে শিখন শেখানো কার্যক্রমের যে চিত্র/অবস্থান চিত্রিত হয়, তা রুব্রিক (Rubric) এর মাধ্যমে পাঠ বিশ্লেষণের কাজকে সহজতর করে।

**পর্যায় ৩ : মূল্যায়ন**

এ পর্যায়ে বাস্তবায়নকৃত পাঠ সম্পর্কে বাস্তবায়নকারী শিক্ষক ও অংশগ্রহণকারী শিক্ষকগণ আলাপ আলোচনা করে পাঠটি আরও কার্যকরীভাবে বাস্তবায়নের পন্থা নির্ধারণ করেন। কীভাবে শিখন শেখানো কার্যক্রমের মানোন্নয়ন ও শিশুদের শিখন নিশ্চিত করা যায় সেই বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়। এ ধাপটি পাঠ বাস্তবায়নোত্তর আলোচনা পর্ব।

**৩.১ : পাঠ পরবর্তী আলোচনা (Post Lesson Discussion)**

পাঠ পর্যবেক্ষণ ও পর্যবেক্ষণোত্তর আলোচনা কার্যকরীভাবে হওয়া প্রয়োজন। পর্যবেক্ষণকারী শিক্ষকগণ আলোচনায় যোগদান করবেন। আলোচনা বাস্তবায়নকৃত শ্রেণিকক্ষে হওয়া বাঞ্ছনীয়। এতে বোর্ডের ব্যবহারসহ পুরো শ্রেণিকক্ষের ব্যবস্থাপনা আলোচনার জন্য সহায়ক হতে পারে। পাঠ বাস্তবায়নোত্তর আলোচনা হবে পাঠটি আরো ফলপ্রসূভাবে উপস্থাপনের জন্য, বাস্তবায়নকারী শিক্ষকের সমালোচনার জন্য নয়। এই আলোচনা থেকে সকল অংশগ্রহণকারী (বাস্তবায়নকারী শিক্ষক ও পর্যবেক্ষকগণ) উপকৃত হবেন বলে আশা করা যায়।



### ৩.২ : পাঠ বাস্তবায়নোত্তর আলোচনা পরিচালনা প্রক্রিয়া

- সাধারণভাবে প্রধান শিক্ষক আলোচনার নেতৃত্ব দিবেন, প্রধান শিক্ষকের অনুপস্থিতিতে একজন সিনিয়র শিক্ষক পরিচালনা করবেন
- আলোচ্য বিষয়ে নোট নেওয়ার জন্য একজন শিক্ষককে মনোনীত করবেন
- পাঠ বাস্তবায়নকারী শিক্ষক তাঁর শিখন শেখানো কার্যক্রম সম্পর্কে মতামত দিবেন
- পর্যবেক্ষণকারীগণ পর্যবেক্ষণে প্রাপ্ত তথ্যাদি এবং পাঠের উন্নয়নের জন্য গঠনমূলক মতামত দিবেন
- প্রথমে পাঠের ভাল দিকগুলো উল্লেখ এবং পরে পাঠের উন্নয়নের জন্য পরামর্শ দিবেন
- পরিশেষে বিষয় সম্পর্কে অভিজ্ঞ শিক্ষক তার মতামত দিবেন
- ব্যক্তিগত পর্যায়ে সমালোচনা/মন্তব্য পরিহার করতে হবে

পাঠোত্তর আলোচনায় অংশগ্রহণকারী শিক্ষকগণ Rubric ও Observation Sheet এর ভিত্তিতে আলোচনা করবেন। পাঠোত্তর আলোচনায় সম্ভব হলে কোন বিষয় বিশেষজ্ঞকে আমন্ত্রণ জানানো যেতে পারে।

### ৩.৩ : আলোচনার সময় বিবেচ্য বিষয়সমূহ

- শিখন শেখানোর পদ্ধতি ও কৌশল সম্পর্কে মতামত প্রদান
- শিক্ষার্থীদের পাঠের শিখনফল অর্জন সম্পর্কে আলোচনা
- পাঠ পর্যবেক্ষণের পর বাস্তব উদাহরণের ভিত্তিতে মন্তব্য প্রদান
- পাঠের উন্নয়নের ক্ষেত্রসমূহ সুনির্দিষ্ট করে প্রস্তাবনা তৈরি ও পেশ
- আলোচনার ভিত্তি হবে শিখন শেখানো কার্যক্রম, শিক্ষকের সমালোচনা নয়
- আলোচনার সময় "Rubric" এর ওপর গুরুত্বারোপ
- একই রকম আলোচনা বা প্রস্তাব বার বার করা পরিহার
- আলোচনার সময় অন্যের মতামতের প্রতি শ্রদ্ধা প্রদর্শন

### ৩.৪ : পাঠোত্তর আলোচনায় সঠিক নেতৃত্বদানের গুরুত্ব

পাঠ বাস্তবায়নের পর সময় করে ঐ দিনই পাঠোত্তর আলোচনার জন্য সহকর্মীদের নিয়ে বসতে হবে। পাঠোত্তর আলোচনা অতি দীর্ঘ সময় ধরে করার প্রয়োজন নেই। পূর্বে আলোচিত নিয়মাবলি অনুসরণ করে আলোচনা পরিচালনা করতে হবে। আলোচনা যেন প্রাণবন্ত, আন্তরিক ও পাঠের মানোন্নয়নের জন্য হয় সেদিকে সজাগ দৃষ্টি দিতে হবে। আলোচনায় এটা প্রতীয়মান হতে হবে যেন সবাই মিলে পাঠের উন্নয়ন তথা শিক্ষার গুণগত মনোন্নয়নের জন্য এই প্রয়াস। প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক যিনি থাকবেন তাঁকে আলোচনা সঠিকভাবে করার জন্য নেতৃত্ব দিতে হবে।

উল্লিখিত ধাপগুলোর নির্ধারিত কাজ যথাযথভাবে সম্পাদনের মাধ্যমে পাঠ সমীক্ষার প্রক্রিয়া সম্পন্ন হয়। মূল্যায়ন পর্বের সিদ্ধান্ত অনুযায়ী পাঠ বাস্তবায়নকারী শিক্ষক পাঠ পরিকল্পনাটি পুনরায় পরিমার্জন করে সংরক্ষণ করবেন যাতে পরবর্তী সময়ে পরিকল্পনাটি ব্যবহার করে শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করা যায়। সমীক্ষা চলাকালীন সময়ে বিভিন্ন পর্যায়ের কাজের মাধ্যমে লব্ধ অভিজ্ঞতা ও জ্ঞান শিক্ষকগণ তাদের শ্রেণি শিখন শেখানো কার্যক্রমে প্রয়োগ করবেন।

এ ভাবেই Plan-Do-See চক্রের বাস্তবায়নের মাধ্যমে শ্রেণী শিখন কার্যক্রমের মান উন্নত হবে এবং সাথে সাথে শিক্ষকদের পেশাগত দক্ষতা বৃদ্ধি হবে।

## ৪. বিদ্যালয় পর্যায়ে পাঠ সমীক্ষা কার্যক্রম বাস্তবায়ন

### ৪.১ : পাঠ সমীক্ষা বাস্তবায়নের জন্য কর্ম পরিকল্পনা

পাঠ সমীক্ষা কার্যক্রম কার্যকরীভাবে পরিচালনার জন্য একটি কর্মপরিকল্পনা প্রণয়ন ও তা অনুসরণ আবশ্যক। প্রধান শিক্ষক অথবা দায়িত্বপ্রাপ্ত শিক্ষক তাঁর অন্যান্য সহকর্মীদের সহযোগিতায় বিদ্যালয়ের সার্বিক কার্যক্রম পর্যালোচনা করে ৬ মাসের জন্য একটি কর্ম পরিকল্পনা প্রণয়ন করবেন। ৬ মাসের পরিকল্পনা বাস্তবায়ন করার পর পরবর্তী ৬ মাসের জন্য আর একটি পরিকল্পনা প্রণয়ন করবেন।

এভাবে পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন প্রক্রিয়ার মাধ্যমে পাঠ সমীক্ষা অব্যাহত রেখে বিদ্যালয়ের দৈনন্দিন শিখন-শেখানো কার্যক্রমের অন্তর্ভুক্ত হবে।

### ৪.২ : পাঠ সমীক্ষা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনার রূপরেখা

বিদ্যালয়ের নাম : তারিখ :
প্রধান শিক্ষকের নাম :
সহকারী উপজেলা/থানা শিক্ষা অফিসারের নাম :

| ধাপ | কার্যক্রম | তারিখ |
|---|---|---|
| পরিকল্পনা | কার্যক্রম<br>১. পাঠ প্রস্তুতি এবং বাস্তবায়নের জন্য শিক্ষক, শ্রেণি, বিষয় নির্ধারণ<br>২. পাঠ পরিকল্পনা প্রণয়ন (পাঠ বাস্তবায়নকারী ব্যক্তিগতভাবে করবেন)<br>৩. বিদ্যালয়ের সহকর্মী শিক্ষকদের সাথে প্রণীত পাঠ পরিকল্পনা, উপকরণ, কার্যক্রমসমূহ ইত্যাদি নিয়ে আলোচনা<br>৪. সহকর্মীদের সাথে আলোচনার পর পাঠ বাস্তবায়নের জন্য প্রণীত পাঠ পরিকল্পনার পরিমার্জন। | এ কার্যক্রম ৩ থেকে ৬ সপ্তাহ চলতে পারে। |
| পাঠ বাস্তবায়ন | ৫. শিখন শেখানো কার্যক্রম পরিচালনা<br>৬. পাঠ পর্যবেক্ষণ শিট ও রুব্রিকসহ শিখন শেখানো কার্যক্রম পর্যবেক্ষণ। | একদিন |
| মূল্যায়ন | ৭. শিখন শেখানো কার্যক্রম পর্যবেক্ষণের ভিত্তিতে প্রতিফলনমূলক আলোচনা<br>৮. প্রত্যেক অংশগ্রহণকারী আলোচনার ফলাফল কীভাবে নিজ নিজ শিখন শেখানো কার্যক্রমে প্রয়োগ করতে পারেন সেই সম্পর্কে মতবিনিময়। | পাঠ পরিচালনা, পর্যবেক্ষণ ও পর্যবেক্ষণ পরবর্তী আলোচনা অভিন্ন দিনে বাস্তবায়ন করতে হবে |
| পরিকল্পনা | পরবর্তী পাঠ সমীক্ষা কার্যক্রমের প্রাথমিক আলোচনা | |

## ৫. পাঠ সমীক্ষা কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্ম পরিকল্পনা

তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে (PEDP3) লেসন স্টাডি কার্যক্রমকে শিক্ষকদের পেশাগত উন্নয়নের জন্য একটি গুরুত্বপূর্ণ কৌশল হিসেবে অর্ন্তভুক্ত করা হয়েছে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কতৃক অনুমোদিত জাতীয় শিক্ষক শিক্ষণ ও উন্নয়ন পরিকল্পনায় লেসন স্টাডির মাধ্যমে শিক্ষকদের পেশাগত উন্নয়নের উপর জোর দেওয়া হয়েছে। Teacher Support Network through Lesson Study কার্যক্রমটি ২০১২-১৩ অর্থ বছর থেকে শুরু করা হয়েছে। এ কার্যক্রমের আওতায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারী শিক্ষক এবং উপজেলা পর্যায়ের প্রাথমিক শিক্ষার সকল কর্মকর্তাকে ওরিয়েনটেশন প্রদান করার পরিকল্পনা রয়েছে। সংশ্লিষ্ট কর্মর্কতাদের ওরিয়েন্টেশন তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির মেয়াদকালে পিটিআইতে প্রদান করা হবে। পর্যায় ক্রমে দেশের সকল বিদ্যালয়ে লেসন স্টাডি কার্যক্রম প্রচলন করা হবে।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক লেসন স্টাডি বাস্তবায়নের পরিকল্পনা নিম্নরূপ-

| ক্রমিক নং | অর্থ বছর | বিদ্যালয়ের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ২০১২-১৩ | প্রতি উপজেলায় ২টি বিদ্যালয় | |
| ২. | ২০১৩-১৪ | প্রতি উপজেলায় আরো ৪টি বিদ্যালয় | |
| ৩. | ২০১৪-১৫ | প্রতি উপজেলায় আরো ৪টি বিদ্যালয় | |
| ৪. | ২০১৫-১৬ | প্রতি উপজেলায় আরো ৪টি বিদ্যালয় | |

বি.দ্র : সারা দেশের প্রতিটি বিদ্যালয়ে লেসন স্টাডি চালু হওয়া পর্যন্ত এ কার্যক্রম চলমান থাকবে।

শিক্ষকদের পেশাগত মান উন্নয়নের লক্ষ্যে লেসন স্টাডি প্রক্রিয়া অনেক আগে জাপানে শুরু হয়। বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশের শিক্ষক এবং শিক্ষক প্রশিক্ষকগণ এটাকে তাদের পেশাগত উন্নয়নের জন্য অন্যতম উপায় হিসেবে গ্রহণ করে আসছে। বাংলাদেশের শিক্ষকদের পেশাগত উন্নয়ন তথা প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়নে এ কার্যক্রম প্রভূত অবদান রাখবে বলে আশা করা যায়।

## পাঠ সমীক্ষার ওরিয়েন্টেশন পূর্ব এবং পরবর্তী মূল্যায়ন সম্পর্কিত ছক

সময় : ২০ মিনিট

১. পাঠ সমীক্ষা কী?

২. পাঠ সমীক্ষার তিনটি উদ্দেশ্য লিখুন।

ক)

খ)

গ)

৩. পাঠ সমীক্ষা প্রক্রিয়ার কয়টি ধাপ ও কী কী?

৪. পাঠ পর্যবেক্ষণ ছক কখন ব্যবহার করা হয়?

৫. Plan-Do-See (পরিকল্পনা - বাস্তবায়ন - মূল্যায়ন ) cycle কী?

৬. পাঠোত্তর আলোচনা কী এবং এ আলোচনা কেন করা হয়?

৭. স্বঅনুচিন্তন (self reflection) কী?

৮. আপনি পেশাগত উন্নয়নের জন্য কী কী কাজ করেন?

৯. আপনি কি পেশাগত উন্নয়নের জন্য সহকর্মীদের সহযোগিতা নেন? নিয়ে থাকলে কীভাবে নেন?

## ওরিয়েন্টেশন কার্যক্রম পর্যবেক্ষণ ছক

১. ওরিয়েন্টেশন কার্যক্রম অনুষ্ঠানের স্থান :

২. প্রশিক্ষণের তারিখ :

৩. দিনব্যাপী প্রশিক্ষণ কার্যক্রমের স্থায়ীত্বকাল/সময়সীমা :

৪. সহায়কের নাম, পদবি ও মোবাইল নং :

ক)

খ)

৫. অংশগ্রহণকারীর সংখ্যা: পুরুষ : মহিলা :

৬. প্রশিক্ষণ সহায়ক সামগ্রী ব্যবহার :

৭. ওরিয়েন্টেশনে সরবরাহকৃত উপকরণের তালিকা ও মান :

৮. সহায়কের উপস্থাপন সম্পর্কিত :

৯. প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণ :

১০. বিতরণকৃত তথ্যপত্রের তালিকা :

১১. সার্বিক ব্যবস্থাপনা সম্পর্কিত :

১২. ওরিয়েন্টেশন কর্মসূচির মান :

১৩. ওরিয়েন্টেশন কর্মসূচির মান উন্নয়নের সুপারিশ :

১৪. অন্যান্য মন্তব্য (যদি থাকে) :

পরিশিষ্ট : ৩

## পাঠ বাস্তবায়ন দিনের কর্মসূচি (নমুনা)

তারিখ: ---------    বার: বৃহস্পতিবার

| সময় | কার্যাবলি | মন্তব্য |
|---|---|---|
| ১২:২৫---<br>১২:৩৫/২:৪০---<br>২:৫০ | পাঠের পস্তুতি<br>শিক্ষক শ্রেণিতে যাবার সময়<br>নিম্নের সামগ্রীগুলো শ্রেণিতে নিয়ে যাবেন-<br>- পাঠ পরিকল্পনা<br>- সংশ্লিষ্ট উপকরণ<br>- প্রযুক্তিগত যন্ত্রপাতি (যদি থাকে)<br>- পাঠ্য বই | - প্রয়োজনে সহকর্মীগণ সহযোগিতা করবেন<br>- সংশ্লিষ্ট সকল শিক্ষক টিচার গাইড/ টিচিং প্যাকেজসহ উপস্থিত থাকবেন<br>- শিক্ষকগণ পাঠের বিষয় ও পাঠের শিরোনাম অবহিত থাকবেন |
| ১২:৩৫--১:১০/<br>২:৫০---২:২৫ | পাঠ বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ<br>- শিক্ষক পাঠ পরিকল্পনা অনুযায়ী শিখন শেখানো কার্যক্রম পরিচালনা করবেন<br>- পর্যবেক্ষণকারী শিক্ষকগণ পর্যবেক্ষণ ছকের বিষয়গুলোর লক্ষ রেখে পর্যবেক্ষণ করবেন<br>- শিক্ষকের শিখন শেখানো কার্যবলির সাথে সাথে শিশুদের শিখন ও পর্যবেক্ষণ করতে হবে | - পাঠের ভিডিও করা যেতে পারে<br>- ছবি উঠানো যেতে পারে |
| ১:৩০---২:০০/<br>২:৩৫---৩:০৫ | পাঠ বাস্তবায়নোত্তর আলোচনা<br>- প্রধান শিক্ষক আলোচনার নেতৃত্ব দিবেন<br>- মনোনীত একজন শিক্ষক নোট নিবেন<br>- পাঠ বাস্তবায়নকারী শিক্ষক মতামত দিবেন<br>- পর্যবেক্ষণকারীগণ তাদের গঠনমূলক মতামত দিবেন<br>- প্রথমে পাঠের সবল দিকগুলো এবং পরে উন্নয়নের ক্ষেত্রগুলো আলোচনা করতে হবে<br>- বিষয় বিশেষজ্ঞ তার মতামত দিবেন (যদি থাকেন) | - সকল শিক্ষক অংশগ্রহণ করবেন<br>- ভিডিও করা, ছবি তোলা যেতে পারে |

পরিশিষ্ট : ৪

## বিদ্যালয় পর্যায়ে পাঠ সমীক্ষার রেকর্ড সংরক্ষণ ছক

বিদ্যালয়ে পরিচালিত পাঠ সমীক্ষার রেকর্ড নিম্নের ছক অনুযায়ী সংরক্ষণ করতে হবে ।

| ক্রমিক নং | পাঠ বাস্তবায়নের তারিখ | পাঠ বাস্তবায়নকারী শিক্ষকের নাম | শ্রেণি | বিষয় | পাঠের শিরোনাম | মন্তব্য (ঊর্ধ্বতন কর্তৃপক্ষ পরিদর্শন করে থাকলে তাঁর নাম ও পদবি) |
|---|---|---|---|---|---|---|
| ১ | | | | | | |
| ২ | | | | | | |
| ৩ | | | | | | |
| ৪ | | | | | | |
| ৫ | | | | | | |
| ৬ | | | | | | |
| ৭ | | | | | | |
| ৮ | | | | | | |
| ৯ | | | | | | |
| ১০ | | | | | | |



পিটিআই লক্ষ্মীপুর সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের শিক্ষার্থীরা শিখন শেখানো প্রক্রিয়ায় তাদেরকে সম্পৃক্ত করেছে, TSN কার্যক্রম ২০১২-১৩



পাঠ সমীক্ষা প্রক্রিয়ায় (Lesson Study Process) শিখন শেখানোর কার্যক্রমে একদল শিক্ষার্থী দলীয় কাজে অংশগ্রহণ করছে

*সহযোগিতায়*

**জাইকা সহায়তা কর্মসূচি**

**জুন, ২০১৪**

# পাঠ সমীক্ষা প্রক্রিয়া

উল্লেখ্য সকলে মিলে পাঠ পরিকল্পনা পর্যালোচনা করবেন যাতে করে পর্যবেক্ষকগণ পাঠ পর্যবেক্ষণ ও বিশ্লেষণের জন্য প্রস্তুত থাকতে পারেন।

## পর্যায় ১
## পরিকল্পনা

### সঞ্চালকের ব্যাখ্যা

সঞ্চালক "পাঠ সমীক্ষা"র উদ্দেশ্য এবং প্রক্রিয়া অংশগ্রহণকারীদের নিকট ব্যাখ্যা করবেন। প্রধান শিক্ষক বা একজন অভিজ্ঞ শিক্ষক সঞ্চালকের ভূমিকা পালন করবেন।

### প্রদর্শন পাঠদানকারী শিক্ষকের ব্যাখ্যা

শিক্ষক পাঠের শিখন ফল অর্জনের জন্য পাঠের উদ্দেশ্য, শিখন শেখানো কৌশল এবং ব্যবহৃত শিক্ষা উপকরণ সম্পর্কে ব্যাখ্যা দিবেন। প্রত্যেক পর্যবেক্ষককে পাঠ পরিকল্পনা সরবরাহ করা হবে।

### প্রস্তুতি


শিক্ষক পাঠ  পরিকল্পনা এবং শিক্ষা উপকরণ প্রস্তুত রাখবেন।

উল্লেখ্য, এটি কোন মূল্যায়ন প্রক্রিয়া নয়, সুতরাং সঞ্চালক একটি সুন্দর পারস্পরিক সহযোগিতামূলক শিখন পরিবেশ সৃষ্টি করবেন।









উল্লেখ্য, এই পাঠ পর্যবেক্ষণ থেকে চিন্তন এবং শিখনের মাধ্যমে শুধুমাত্র প্রদর্শনকারী শিক্ষকের নয় বরং সকল শিক্ষকের শিখন শেখানোর দক্ষতার উন্নয়ন ঘটবে।

## পর্যায় ৩
## মূল্যায়ন

### আলোচনা

সঞ্চালক পর্যবেক্ষণের উল্লেখযোগ্য দিকগুলোর প্রতিফলনের জন্য আলোচনাকে এগিয়ে নিয়ে যাবেন।

## পর্যায় ২
## বাস্তবায়ন

### পাঠ পর্যবেক্ষণ

পর্যবেক্ষকগণ মূল্যায়ন ছক (Rubric) ব্যবহার করে শিখন শেখানো প্রক্রিয়া পর্যবেক্ষণ করবেন।

সৌজন্যে:

# পাঠ সমীক্ষা প্রক্রিয়ায় আলোচনার বিষয়সমূহ

**পর্যায় ৩ এর পাঠ পরবর্তী "আলোচনা" চলাকালীন নমুনা হিসেবে নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা করা যেতে পারে। সহকর্মীদের সাথে আপনি শিরোনামে বর্ণিত বিষয় নিয়ে আলোচনা করুন**

## শিক্ষকের পাঠদান

- পর্যবেক্ষণকৃত পাঠে শিখন শেখানো প্রক্রিয়ার কী কী ভাল দিকসমূহ আপনি লক্ষ্য করেছেন? এ সম্পর্কে আপনি আপনার সহকর্মীদের সাথে মত বিনিময় করুন।
- এক্ষেত্রে অন্য কোন ধরনের শিখন শেখানো কার্যক্রম/কৌশল ব্যবহার করা যেতে পারত কি? শিখন শেখানো প্রক্রিয়াকে আরো উন্নত করার জন্য কি অন্য কোন কৌশল রয়েছে? প্রাপ্ত মতামত ও ফলাফল আলোচনা করে গঠনমূলক পরামর্শ গ্রহণ করুন।

## শিখন প্রক্রিয়া

- এই পাঠে কী ভাল শিখন শেখানো প্রক্রিয়া ব্যবহার করা হয়েছে যা শিক্ষার্থীদের বোঝানোর জন্য সহায়ক হয়েছে? সহকর্মীদের সাথে প্রাপ্ত মতামত ও ফলাফল নিয়ে আলোচনা করুন।
- আজকের পাঠের বিষয়বস্তু আলোচনায় অন্য কোন পদ্ধতি গ্রহণ করে শিক্ষার্থীদের নিকট আরো ভালভাবে উপস্থাপন করা যেত কি? এর ফলে শিক্ষার্থীরা সহজেই বিষয়টি বুঝতে পারতো। এ সম্পর্কে আপনার ধারণা নিয়ে সহকর্মীদের সাথে আলোচনা করে গঠনমূলক পরামর্শ গ্রহণ করুন।

## শিক্ষা উপকরণের ব্যবহার

- এই পাঠে শিক্ষা উপকরণগুলোর ব্যবহারের কার্যকারিতা কতটুকু? প্রাপ্ত মতামত ও ফলাফল নিয়ে সহকর্মীদের সাথে আলোচনা করুন।
- এক্ষেত্রে একই শিক্ষা উপকরণ অন্যভাবে ব্যবহার করলে কি পাঠদান আরও ফলপ্রসূ হত? আলোচনা করে গঠনমূলক পরামর্শ গ্রহণ করুন।

## পাঠ সমীক্ষায় প্রাপ্ত উন্নত শিখন শেখানো কার্যক্রম অন্যান্য বিদ্যালয়ের শিক্ষকদের অবহিতকরণ

- ফলপ্রসূ শিখন শেখানো পদ্ধতি
- শিক্ষা উপকরণের যথার্থ ব্যবহার

## শিখন শেখানো প্রক্রিয়ার সম্ভাব্য চ্যালেঞ্জ

- আপনার বিদ্যালয়ে একটি ভাল প্রদর্শন পাঠ বাস্তবায়ন করার সময় কোন প্রকার অসুবিধা/সমস্যা দেখা দিলে তা সহকর্মীদের সাথে আলোচনা করুন এবং প্রয়োজনে সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তাকে প্রধান শিক্ষকের মাধ্যমে অবহিত করুন।



সৌজন্যে:

JICA

# পাঠ সমীক্ষা পর্যবেক্ষণের ক্ষেত্রসমূহ

**প্রদর্শন পাঠ পর্যবেক্ষণকালীন সময়ে নিম্নেবর্নিত শিক্ষক যোগ্যতাগুলো ভাল করে লক্ষ করুন**

### বিষয় সম্পর্কিত জ্ঞান (Subject Knowledge)

- বিষয়বস্তু সম্পর্কে সঠিক তথ্য প্রদান
- "শিক্ষক নির্দেশিকা", "টিচিং প্যাকেজের" যথার্থ ব্যবহার
- বিষয়বস্তুর ধারণা সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনা প্রদান

### পাঠ পরিকল্পনা করার দক্ষতা (Lesson Design Skill)

- শিক্ষার্থীদের দৈনন্দিন অভিজ্ঞতার আলোকে বিষয়বস্তুকে উপস্থাপন
- শিক্ষার্থীরা যাতে সহজে বুঝতে পারে সে ধরনের পদ্ধতি প্রয়োগ
- শিক্ষা উপকরণের কার্যকরী প্রয়োগ
- যথাযথ সময় বন্টন

### শিক্ষা উপকরণ ব্যবহারে দক্ষতা (Skill Using Teaching Material)

- পাঠের বিষয়বস্তুর সাথে সংগতিপূর্ণ উপকরণ
- সহজভাবে পড়ানো/বিষয়বস্তু সম্পর্কে সহজেই ধারণা লাভ করতে পারা
- চকবোর্ডের কার্যকরী ব্যবহার

### শ্রেণী ব্যবস্থাপনা

- পাঠের বিষয়বস্তু অনুসারে শ্রেণী কার্যক্রম পরিচালনা
- শিক্ষার্থীদের চিন্তনের/আলোচনার জন্য যথেষ্ট সময় প্রদান
- সঠিক পদ্ধতিতে প্রশ্ন করা
- শিখন-শেখানো প্রক্রিয়ায় শিক্ষার্থীদের সম্পৃক্ততা

### মূল্যায়ন দক্ষতা (Assessment Skills)

- পাঠ চলাকালীন শিক্ষার্থীদের কাজ পর্যবেক্ষণ
- প্রত্যেক শিক্ষার্থীর বোধগম্যতার স্তর নিরূপণ

### ইতিবাচক দৃষ্টিভঙ্গি (Positive Attitude)

- শিক্ষার্থীদের সাথে বন্ধুসুলভ আচারণ
- শেখার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত/উৎসাহিত করা
- শিক্ষার্থীদের মতামতের প্রতি গুরুত্ব প্রদান

## শিক্ষার্থীর আচরণ (Students' Behavior)

### শিখন দক্ষতা (Learning Skill)

- শ্রেণী কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ
- সহপাঠীদের সহযোগিতার উপর গুরুত্ব আরোপ

### ইতিবাচক দৃষ্টিভঙ্গি (Positive Attitude)

- আনন্দদায়ক পরিবেশে শিখন
- আনন্দময় পরিবেশে শিশুদের আত্মবিশ্বাস গড়ে উঠা



সৌজন্যে:
JICA